



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা



২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576

স্মারক নং-৩৬.১৬.০০০০.০০৯.২৫.০০২.১৮-১১৮

তারিখঃ ২০.০২.২০১৯খ্রিঃ


## অফিস আদেশ

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২য় সমাবর্তন আগামী ১২ ফাল্গুন ১৪২৫/ ২৪ ফেব্রুয়ারি ২০১৯, রবিবার বিকেল ৩.০০ ঘটিকায় নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হবে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহামান্য রাষ্ট্রপতি ও নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মাননীয় চ্যান্সেলর জনাব মোঃ আবদুল হামিদ সমাবর্তন অনুষ্ঠানে সভাপতিত্ব করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষা মন্ত্রী ডা: দীপু মনি এম.পি। উক্ত সমাবর্তন অনুষ্ঠানে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর এ, কে, এম, ছায়েফ উল্যা মহোদয়কে আমন্ত্রণ জানানো হয়েছে।

এ লক্ষ্যে চেয়ারম্যান মহোদয় ২২.০২.২০১৯খ্রিঃ তারিখ নোয়াখালীর উদ্দেশ্যে সড়কপথে ঢাকা ত্যাগ করবেন। ২৩.০২.২০১৯খ্রিঃ তারিখে চলমান দাখিল পরীক্ষা-২০১৯ এর নোয়াখালী ও চাঁদপুর জেলা সদরের কতিপয় কেন্দ্র পরিদর্শন করবেন। ২৪.০২.২০১৯খ্রিঃ পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করে সমাবর্তন অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন এবং অনুষ্ঠান শেষে সড়কপথে ঢাকায় প্রত্যাগমন করবেন। উক্ত কাজে তিনি অত্র বোর্ডের পাজেরো গাড়ী (ঢাকা মেট্রো-ঘ-১৪-১৯৬৭) ব্যবহার করবেন। মোঃ আমিনুল ইসলাম উক্ত গাড়ীর চালক হিসেবে দায়িত্ব পালন করবেন।

বিধি মোতাবেক তিনি ডিএ প্রাপ্য হবেন। বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
20.02.19

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

  
20/2/19

স্মারক নং-৩৬.১৬.০০০০.০০৯.২৫.০০২.১৮-১১৮(১৩)

তারিখঃ ২০.০২.২০১৯খ্রিঃ

বিতরণ- কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, নোয়াখালী/ চাঁদপুর।
২. পুলিশ সুপার, নোয়াখালী/ চাঁদপুর।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক/প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. জেলা শিক্ষা অফিসার, নোয়াখালী/ চাঁদপুর।
৮. উপ-রেজিস্ট্রার (কমন), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।  
(তঁাকে ঢাকা মেট্রো-ঘ-১৪-১৯৬৭ পাজেরো গাড়ীটি জ্বালানীসহ প্রস্তুত রাখার জন্য অনুরোধসহ)
৯. হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।  
(তঁাকে পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)
১১. জনাব মোঃ আমিনুল ইসলাম, গাড়ী চালক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।  
(তঁাকে ঢাকা মেট্রো-ঘ-১৪-১৯৬৭ পাজেরো গাড়ীটি যাতায়াতের জন্য প্রস্তুত রাখার জন্য অনুরোধসহ)
১২. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩. অফিস কপি।

  
20/2/19

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬৭৪৮৭৪

  
20/2/19